

জি আর এম সভার কার্যবিবরণী  
স্থান : বিনিময় ভবন (বিএমটিসি)।  
তারিখ : ১৯ মার্চ ২০১৩  
সময় : সকাল ১০.০০ টা

**অংশগ্রহনকারী :**

১. খাইরুননেছা,
২. রুখসানা আকতার,
৩. নুরননাহার রিপা,
৪. খাদিজা,
৫. মাহিনুর বেগম,
৬. হাফছা বেগম,
৭. তানিয়া বেগম,
৮. খাদিজা বেগম ও
৯. নীলিমা রানী রায়।

**আলোচ্য বিষয় :**

- ১) গত সভার পর্যালোচনা
- ২) মাতৃত্বকালীন ছুটি
- ৩) ছুটি
- ৪) বন্ধের দিনে ওভার ডিউ সাপোর্টে যাতায়াত ও খাদ্য ভাতা প্রসঙ্গে।
- ৫) ফান্ড সমস্যা
- ৬) স্থান ত্যাগী সদস্যের খেলাপি।

**আলোচনা এবং সিদ্ধান্ত সমূহঃ -**

- ১) গত সভার পর্যালোচনা : গত সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়।
- ২) মাতৃত্বকালীন ছুটি : মাতৃত্বকালীন সরকারি ছুটি ৬ মাস এবং কোস্ট ট্রাস্টের পলিসি ম্যানুয়েলে মাতৃত্বকালীন ছুটি আছে ৩ মাস, তাই ৩ মাসের ছুটির সাথে ১ মাস বর্ধিত করে মোট ৪ মাস করার জন্য সুপারিশ করা হল।
- ৩) ছুটিঃ সহকর্মীদের অসুস্থতা ও পারিবারিক সমস্যা জনিত কারণে বার বার ছুটি চাওয়া সত্ত্বেও ছুটি দেয়া হচ্ছে না (বিশেষ করে এম.এফ-এর সিডিওদের ক্ষেত্রে) ব্রাঞ্চ ম্যানেজারগন কর্মীদের সমস্যা শুনতে চায়না। এ বিষয়টি বিবেচনা করে জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদেরকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রতি মাসে ২ দিন ছুটি বাধ্যতামূলক করার জন্য সুপারিশ করা।
- ৪) স্থান ত্যাগী খেলাপীঃ কোন কোন শাখায় স্থান ত্যাগী সদস্যদের খেলাপী মানা হচ্ছে না। মাস শেষে তাদের কিস্তির টাকা কর্মীর নিকট হতে ক্রেডিট করা হয়। এ বিষয়টি বিবেচনা করার জন্য সুপারিশ করা হলো।
- ৫) বন্ধের দিনে ওভার ডিউ সাপোর্টে যাতায়াত ও খাদ্য ভাতা প্রসঙ্গে : অফিস বন্ধের দিনে যে সকল কর্মী ওভার ডিউ সাপোর্ট দেয় তাদের লাঞ্চ ভাতা ও যাতায়াত খরচ দেয়ার জন্য সুপারিশ করছি।
- ৬) ফান্ড সমস্যাঃ সমিতির সদস্যরা লোন চাইলে ফান্ড সমস্যার কারণে লোন দেয়া যায়না। পরবর্তীতে সেই সদস্য কিস্তি খেলাপি করে এবং সদস্য ঝরে যায়। সঞ্চয় তুলে নিয়ে যায়।

এসকল আলোচিত সার্বিক বিষয় নিয়ে সভাপতি সংক্ষেপে আলোচনা করেন এবং আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী  
রুখসানা আকতার

সভাপতি  
খাইরুননেছা